

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০৩১(আগরতলা, ১২।৯)
খোয়াই, ১২ সেপ্টেম্বর, ২০১৭

তেলিয়ামুড়ায় রক্তদান শিবির

রক্তদান জীবন দান, এই আহ্বানকে সামনে রেখে আজ তেলিয়ামুড়া বিবেকানন্দ দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের এন এস এস ইউনিটের উদ্যোগে এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের মধ্য দিয়ে রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। প্রদীপ প্রজ্বলনের মাধ্যমে রক্তদান শিবিরের উদ্বোধন করেন তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন সজল কুমার দেব। উপস্থিত ছিলেন পুর পরিষদের সদস্যা সুতপা ঘোষ, সংশ্লিষ্ট বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক সঞ্জিৎ দাস সহ বিশিষ্ট জনেরা। ঐ বিদ্যালয়ের ৩০ জন শিক্ষক-শিক্ষিকা, ছাত্রছাত্রী স্বেচ্ছায় রক্তদান করেন।

This document was created using
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com